**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**

পল্লীভবন

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৯.০০.০৭৯.২০.৬১৬৬ তারিখ: ০৩ নভেম্বর, ২০২০ খ্রি.

বিষয়: মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ১০০ ভাগ আদায়সহ ঋণ কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে মডেল ক্র্যাশ প্রোগ্রাম প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) প্রতিষ্ঠালগ্ন থেকে পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করে তাদের নিজস্ব সঞ্চয় জমার মাধ্যমে পুঁজি গঠন, আত্মকর্মসংস্থানমূলক প্রশিক্ষণ প্রদান ও আয় উৎসারী কর্মকান্ডের জন্য ক্ষুদ্র ঋণ সরবরাহসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করে আসছে। বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণ দূর্বল মনিটরিং-এর জন্য নিয়মিত ভাবে আদায় হচ্ছে না। এর ফলে দিন দিন মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধি পাচ্ছে। এরূপ পরিস্থিতি চলতে থাকলে খুব শীঘ্রই মাঠ পর্যায়ে বিতরণকৃত ঋণ তহবিল মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিণত হবে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়সহ ঋণ কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে ক্র্যাশ প্রোগ্রামের ভূমিকা অত্যন্ত ফলপ্রসূ। সঠিক ভাবে ক্র্যাশ প্রোগ্রাম গ্রহণ ও তা যথাযথ বাস্তবায়ন করতে পারলে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় কাঙ্খিত সুফল পাওয়া যাবে। এ লক্ষ্যে একটি মডেল ক্র্যাশ প্রোগ্রাম এতদসংঙ্গে প্রেরণ করা হলো যা বাস্তবতার নিরীখে অনুসরণ করা যেতে পারে এবং পরিস্থিতি বিবেচনায় পরিবর্তন যোগ্য।

এমতাবস্থায়, আপনার জেলাধীন সকল উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ লক্ষ্যমাত্রা অনুযায়ী কমিয়ে এনে ঋণ কার্যক্রম সচল রাখার লক্ষ্যে মডেল ক্র্যাশ প্রোগ্রাম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি- বর্ণনামতে।

৩/১১/20

আবদুর রশিদ
যুগ্মসচিব
পরিচালক (সরেজমিন)

উপপরিচালক জেলা দপ্তর (সকল)
বিআরডিবি

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৯.০০.০৭৯.২০.৬১৬৬ তারিখ: ০৩ নভেম্বর, ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি সদর দপ্তর, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি।
৪. পরিচালক (সকল) এর একান্ত সহকারী, বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।

০৩/১১/2020

সৈয়দ শাহ্ মোহাম্মদ আরিফ আসদাক
উপপরিচালক (সেচ)

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

## মডেল ক্র্যাশ প্রোগ্রাম

| ক্র. নং | কার্যক্রম | সময়কাল/তারিখ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | তদারকী কর্মকর্তার নাম ও পদবী | নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের সমিতি ওয়ারী ডিটেইল লিস্ট তৈরি ও মাঠ সংগঠকদের মধ্যে লক্ষ্যমাত্রা নির্ধারণ | ০১/১১/২০ হতে ০৭/১১/২০ তারিখ পর্যন্ত | দাপ্তরিক অংশ- হিসাবরক্ষক মাঠ পর্যায়ে-মাঠসংগঠক | এআরডিও/ডিপিও | ইউআরডিও/পিও | |
| ০২ | মেয়াদোত্তীর্ণ খেলাপী সদস্য ওয়ারী ডিটেইল লিস্ট তৈরি ও মাঠ সংগঠকদেও মধ্যে লক্ষ্যমাত্রা নির্ধারণ (যদি করা না থাকে) | ০৮/১১/২০ হতে ২৩/১১/২০ তারিখ পর্যন্ত | মাঠ সংগঠক/ এআরডিও/ডিপিও/ হিসাবরক্ষক | ইউআরডিও/পিও | উপপরিচালক | |
| ০৩ | আত্মসাতকারী ও আত্মসাতের পরিমাণ এবং অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণকারীদের চিহ্নিতকরণ | ২৪/১১/২০ হতে ৩০/১১/২০ তারিখ পর্যন্ত | ইউআরডিও/ইউপিও/ এআরডিও/ডিপিও/ হিসাবরক্ষক/ মাঠসংগঠক | এআরডিও/ডিপিও | ইউআরডিও/পিও | |
| ০৪ | সমিতির সদস্য ওয়ারী পাশ বহির সাথে সাপ্তাহিক আদায় শীটের মিলকরণ | প্রতিদিন সমিতি পরিদর্শনের সময় আবশ্যিকভাবে | মাঠ সংগঠক/ এআরডিও/ডিপিও | ইউআরডিও/পিও | উপপরিচালক | |
| ০৫ | সাপ্তাহিক স্টাফ মিটিং ও উঠান বৈঠক | প্রতি সপ্তাহে নির্ধারিত দিনে এবং উঠান বৈঠক নির্ধারিত দিনে | এআরডিও/ডিপিও/ মাঠ সংগঠক | ইউআরডিও/পিও | উপপরিচালক | |
| ০৬ | ইউআরডিও কর্তৃক খেলাপী সদস্যদের নোটিশ প্রদান | সুবিধাজনক সময় | ইউআরডিও | উপপরিচালক | | |
| ০৭ | কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে যৌথ প্রোগ্রাম | সকাল ১০.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত সপ্তাহে কমপক্ষে ০২টি খেলাপী সমিতি ভ্রমন | ইউআরডিও/ইউপিও/ এআরডিও/ডিপিও/ মাঠ সংগঠক | উপপরিচালক | সদর দপ্তর /সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় | |

| ক্র. ন | কার্যক্রম | সময়কাল/তারিখ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | তদারকী কর্মকর্তার নাম ও পদবী | নিয়ন্ত্রনকারী কর্মকর্তার নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০৮ | ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ অন্যান্যদের সাথে বৈঠক ও ইউনিয়ন পরিষদে খেলাপী সদস্যদের তালিকা প্রকাশ | ০১/১২/২০ হতে ১০/১২/২০ তারিখ পর্যন্ত | ইউআরডিও/ইউপিও/ এঅরডিও /ডিপিও/ হিসাব রক্ষক/মাঠসংগঠক | ইউআরডিও/পিও | উপপরিচালক | |
| ০৯ | খেলাপী সদস্যদের গ্রামে জুম্মা মসজিদে ও জনবহুলএলাকায় এবং হাট/বাজারে মাইকিং | প্রতি সপ্তাহে জুম্মা নামাজে এবং সুবিধাজনক সময়ে | গ্রামপুলিশ/আনসার/দফাদার /মাঠসংগঠক/এআরডিও/ ডিপিও | ইউআরডিও/পিও | উপপরিচালক | |
| ১০ | ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও ব্লক ভিত্তিক সদস্যদের সাথে যৌথ প্রোগ্রাম | প্রতি সোমবার বা সপ্তাহের সুবিধাজনক সময়ে | সভাপতি, ব্যবস্থাপনা কমিটি/ইউআরডিও/পিও | উপপরিচালক | সদর দপ্তর/ সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় | |
| ১১ | ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের সহযোগীতা গ্রহণ | সুবিধাজনক সময়ে | মাঠ সংগঠক/ এআরডিও/ডিপিও | ইউআরডিও/পিও | উপপরিচালক | |
| ১২ | ইউএনও কর্তৃক নোটিশ ও প্রয়োজনে সার্টিফিকেট মামলা এবং মামলা নিয়মিত পরিচালনা | সুবিধাজনক সময়ে | ইউআরডিও/পিও | উপপরিচালক | সদর দপ্তর/ সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় | |
| ১৩ | লক্ষ্যমাত্রা অনুযায়ী সাপ্তাহিক অগ্রগতির প্রতিবেদন সাপ্তাহিক স্টাফ মিটিং এ নির্ধারিত দিনে পর্যালোচনা ও নতুন কৌশল নির্ধারণ এবং প্রতিবেদন প্রেরণ | সপ্তাহের নির্ধারিত দিনে | ইউআরডিও/পিও | উপপরিচালক | প্রকল্প পরিচালক/ সদর দপ্তর | |
| ১৪ | মাসিক অগগ্রতির প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ ও মূল্যায়ন | মাসের প্রথম সপ্তাহে | ইউআরডিও/পিও | উপপরিচালক | প্রকল্প পরিচালক/ সদর দপ্তর | |
| ১৫ | ডিসেম্বর/২০ মাস শেষে প্রথম ধাপের অগ্রগতি প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ ও মূল্যায়ন | জানুয়ারী/২১ এর প্রথম সপ্তাহে | ইউআরডিও/পিও | উপপরিচালক | প্রকল্প পরিচালক/ সদর দপ্তর | |
| ১৬ | মার্চ/২১ মাস শেষে ২য় ধাপের অগ্রগতি প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ ও মূল্যায়ন | এপ্রিল/২১ এর ১ম সপ্তাহে | ইউআরডিও/পিও | উপপরিচালক | প্রকল্প পরিচালক/ সদর দপ্তর | |
| ১৭ | জুন/২১ এ চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত, প্রেরণ ও মূল্যায়ন | জুলাই/২১ এর ১ম সপ্তাহে | ইউআরডিও/পিও | উপপরিচালক | প্রকল্প পরিচালক/ সদর দপ্তর | |

রArif Asduq/DD irrigation